জনসংযোগ কার্যালয়
**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়**
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স:০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

**প্রেস বিজ্ঞপ্তি**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# ৪১ তম বার্ষিক সিনেট অধিবেশন অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৯ জুন ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বলেছেন, শিক্ষার গুণগত মান বৃদ্ধির জন্য শিক্ষাখাতে ব্যয় বাড়াতে হবে। এ জন্য গবেষণাখাতে ব্যয় বরাদ্দ, শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষকদের জন্য আর্থিক সুযোগ-সুবিধা বৃদ্ধি করতে হবে। আজ বিকেল চারটায় অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ৪১ তম বার্ষিক সিনেট অধিবেশনে সভাপতির ভাষণে উপাচার্য এ কথা বলেন। বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে অনুষ্ঠিত এ অধিবেশনে উপাচার্য বলেন, বাংলাদেশে শিক্ষকদের জন্য স্বতন্ত্র বা আলাদা পে স্কেল দাবি দীর্ঘ দিনের। উন্নত রাষ্ট্রগুলো তো বটেই দক্ষিণ এশিয়ার অনেক দেশেও শিক্ষকদের জন্য আলাদা পে স্কেল আছে। স্মার্ট বাংলাদেশ বা রূপকল্প ২০৪১ বাস্তবায়নে স্মার্ট নাগরিক গড়ে তোলা প্রয়োজন। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কর্মরত শিক্ষকরাই এই স্মার্ট নাগরিক তৈরির মূল দায়িত্ব পালন করেন। এ জন্য মেধাবী ব্যক্তিদের শিক্ষকতার পেশায় যুক্ত থাকার প্রয়োজনীয়তা রয়েছে। শিক্ষকতার পেশায় মেধাবীদের আগ্রহী করে তুলতে হলে আলাদা পে স্কেলের পাশাপাশি তাদের আর্থিক সুযোগ-সুবিধা এবং নানা ধরনের প্রণোদনা দেওয়াও জরুরি। ইউনেস্কোর একটি তথ্য তুলে ধরে উপাচার্য বলেন, ২০২১ সালে বাংলাদেশ থেকে মেধা পাচারের সংখ্যা ছিল সাড়ে ৫২ হাজার। ২০২২-২৩ শিক্ষাবর্ষে যুক্তরাষ্ট্রে বাংলাদেশি শিক্ষার্থীর প্রায় সংখ্যা ২৮ শতাংশ বৃদ্ধি পায়। উচ্চ শিক্ষার্থে বিদেশ গিয়ে এই শিক্ষার্থীদের উল্লেখযোগ্য সংখ্যক আর ফিরে আসে না। উপাচার্য শিক্ষকতার পেশাকে আকর্ষণীয় করে তুলতে সরকারকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান।

উপাচার্য তাঁর ভাষণে বলেন, স্বাস্থ্য অর্থনীতি বিভাগ নামে নতুন ১টি বিভাগ, চারুকলা অনুষদ এবং প্রকৌশল অনুষদ নামে নতুন ২টি অনুষদ খোলা হবে। শিক্ষা ও গবেষণায় বিশ্ববিদ্যালয় এগিয়ে যাওয়ার তথ্য উল্লেখ করে উপাচার্য বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রথমবারের মতো বিশ্ব র‍্যাঙ্কিংয়ে স্থান লাভ করেছে। ২০২৪ সালে যুক্তরাজ্যের টাইমস্ হায়ার এডুকেশন কর্তৃক প্রণীত তালিকায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এশিয়ার মধ্যে ৩০১ এবং বাংলাদেশের মধ্যে যুগ্মভাবে ১ম হওয়ার গৌরব অর্জন করে। এই তালিকায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদ, কলা ও মানবিকী অনুষদের ইংরেজি, ইতিহাস ও দর্শন বিভাগ দেশসেরা হওয়ার গৌরব অর্জন করে। এছাড়াও যুক্তরাজ্যের টাইমস্ হায়ার এডুকেশন কর্তৃক সম্প্রতি প্রকাশিত 'ইমপ্যাক্ট র‍্যাঙ্কিং' তালিকায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্থান লাভ করেছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন প্রকল্পের চলমান বিবরণ দিয়ে উপাচার্য বলেন, নব নির্মিত ৪টি হলে শিক্ষার্থীরা বসবাস শুরু করেছে। আগামী জুলাই মাসে অবশিষ্ট ২টি হলে শিক্ষার্থী উঠানো সম্ভব হলে বিশ্ববিদ্যালয় থেকে গণরুম সংস্কৃতি বিলুপ্ত হবে।

বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন মেয়াদোত্তীর্ণ পর্ষদগুলোর মধ্যে ইতোমধ্যে কয়েকটি পর্ষদের নির্বাচন আয়োজনের কথা উল্লেখ করে উপাচার্য বলেন, শীঘ্রই ডিন, প্রভোস্ট এবং শিক্ষক ক্যাটাগরি থেকে সিন্ডিকেট সদস্য এবং অর্থ কমিটির সদস্য পদের নির্বাচনের উদ্যোগ নেওয়া হবে। এছাড়াও চলতি ২০২৪ সালের ডিসেম্বরের মধ্যে সিনেটে রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচন আয়োজনের করা হবে। উপাচার্য তাঁর ভাষণে বিশ্ববিদ্যালয়কে কাঙ্ক্ষিত লক্ষ্যে নিয়ে যেতে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

অধিবেশনে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩ শত ১৮ কোটি ৭৩ লক্ষ টাকার সংশোধিত বাজেট এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য ৩ শত ১৮ কোটি ৪৪ লক্ষ টাকার মূল বাজেট উপস্থাপন করেন। সিনেট সদস্যগণ উপাচার্যের ভাষণ এবং কোষাধ্যক্ষের উপস্থাপিত বাজেটের ওপর বক্তব্য রাখেন। উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক এবং উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক মোহাম্মদ ড. মোস্তফা ফিরোজ সিনেট অধিবেশনে উপস্থিত ছিলেন। সিনেট সভার সচিব এবং বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক) মো. আবু হাসান সভায় শোক প্রস্তাব উপস্থাপন করেন ।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

# Press Release

## 41st Annual Senate meeting Held

Jahangirnagar University, 29 June 2024.
Jahangirnagar University Vice Chancellor, Prof. Dr. Md. Nurul Alam, stated that in order to improve the quality of education, there should be an increase in expenditure on education. He emphasized the need to allocate more funds for research, as well as provide better financial facilities for teachers and educational institutions. During the 41st annual senate meeting of the university, chaired by the vice-chancellor Prof. Dr. Nurul Alam, these remarks were made today at 4 pm.

During the session held in the Senate Hall of the University, the Vice-Chancellor emphasized the long-standing demand for a separate pay scale for teachers in Bangladesh. Many South Asian countries, as well as developed countries, have separate pay scales for teachers. The Vice-Chancellor highlighted the necessity to develop smart citizens in order to implement Smart Bangladesh or Vision 2041.

The Vice-Chancellor announced the establishment of a new department, the Health Economics Department, and the opening of two new faculties, the Faculty of Fine Arts and the Faculty of Engineering. Highlighting the university's progress in education and research, the Vice-Chancellor stated that Jahangirnagar University achieved its first ever global ranking in the academic year 2023-2024. In 2024, the university was ranked 301st in Asia and jointly achieved 1st place in Bangladesh on the list compiled by the UK's Times Higher Education.

In the senate session, Treasurer Pro. Dr. Rasheda Akhtar presented TK 313 crore 73 Lakh revised budget for the financial year 2023-2024 and Tk 318 crore 44 Lakh proposed budget for the financial year 2024-2025. The senate members spoke on the Vice-Chancellor’s speech and the budget presented by the Treasurer. Pro Vice Chancellor (Admin) Prof. Sheikh Md. Monzurul Huq and Pro Vice Chancellor (Academic) Prof. Mohammed Mostafa Feeroz were present in the senate meeting. Member secretary and Registrar Md. Abu Hasan offers condolences in the senate meeting.



Mohammad Mahiuddin, PhD
Director (Acting).